দৈনিক
জনকণ্ঠ

তারিখ 10 FEB 2016
পৃষ্ঠা ১৬ কলাম ২

বঙ্গবন্ধু-বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবল

# প্রাথমিক বিদ্যালয়ের খেলা শুরু আজ

**স্পোর্টস রিপোর্টার ।** বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট এবং বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেসা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্টের জাতীয় পর্যায়ে চূড়ান্ত পর্বের খেলার উদ্বোধনী অনুষ্ঠান আজ ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে সকাল ৯টায় অনুষ্ঠিত হবে। প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান এই খেলা উদ্বোধন করবেন। এ মাঠেই জাতীয় পর্যায়ের এ খেলা চলবে ১৫ ফেব্রুয়ারি পর্যন্ত।

ষষ্ঠবারের মতো বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট এবং পঞ্চমবারের মতো বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত হচ্ছে। এ টুর্নামেন্ট দুটি ইউনিয়ন, উপজেলা, জেলা, বিভাগীয় পর্যায় থেকে জাতীয় পর্যায়ে অনুষ্ঠিত হয়। বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট এ অংশগ্রহণকারী প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৬৩,৫০৯ এবং খেলোয়াড়ের সংখ্যা ১০,৭৯,৬৫৩ জন। বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেসা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট এ অংশগ্রহণকারী বিদ্যালয়ের সংখ্যা ৬৩,৪৩১ এবং খেলোয়ারের সংখ্যা ১০,৭৮,৩২৭ জন। ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে ৭ বিভাগের টুর্নামেন্ট দুটির বিভাগীয় পর্যায়ের ১৪ চ্যাম্পিয়ন দল নিয়ে জাতীয় পর্যায়ের এ খেলা অনুষ্ঠিত হবে। বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্টের জাতীয় পর্যায়ের অংশগ্রহণকরী দলগুলে হলো রংপুর বিভাগের দিনাজপুর জেলার বীরগঞ্জের মরিচা সরকারী প্রাথমিক বিদ্যালয়, রাজশাহী বিভাগের পাবনা জেলার সাঁথিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়, খুলনা বিভাগের ঝিনাইদহ জেলার হরিণাকুন্ডের চটকাবাড়ীয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়, ঢাকা বিভাগের ডেমড়ার ধুলাইপাড় সরকারী প্রাথমিক বিদ্যালয়, চট্টগ্রাম বিভাগের কক্সবাজার জেলার পেকুয়ার রাজাখালী সরকারী প্রাথমিক বিদ্যালয়, বরিশাল বিভাগের সদরের কাগাশুরা সরকারী প্রাথমিক বিদ্যালয় ও সিলেট বিভাগের সুনামগঞ্জ সদরের মাইজবাড়ী সরকারী প্রাথমিক বিদ্যালয়। আর বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেসা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্টের জাতীয় পর্যায়ের অংশগ্রহণকরী দলগুলে হলো– রংপুর বিভাগের লালমনিরহাট জেলার পাটগ্রাম টেপুরগাড়ী বি কে সরকারী প্রাথমিক বিদ্যালয়, রাজশাহী বিভাগের সদর জেলার বাগমাড়ার খর্দ্দকৌড় সরকারী প্রাথমিক বিদ্যালয়, খুলনা বিভাগের ঝিনাইদহ জেলার শৈলকুপার দোহারো সরকারী প্রাথমিক বিদ্যালয়, ঢাকা বিভাগের ময়মনসিংহ জেলার ধোবাউড়ার কলসিন্দুর সরকারী প্রাথমিক বিদ্যালয়, চট্টগ্রাম বিভাগের রাঙ্গামাটি জেলার কাউখালীর ঘাগড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়, বরিশাল বিভাগের আগৈলঝড়ার উত্তর শিহিপাশা সরকারী প্রাথমিক বিদ্যালয় ও সিলেট বিভাগের জৈন্তাপুরের পাকড়ী সরকারী প্রাথমিক বিদ্যালয়। ১৬ ফেব্রুয়ারি ২০১৬ বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেসা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে চ্যাম্পিয়ন ও রানার্সআপ দলের মাঝে পুরস্কার বিতরণ করবেন।